

তেরশী কালী নারায়ণ ইনস্টিটিউশনের শতবর্ষপূর্তি উপলক্ষ্যে প্রকাশিতব্য
স্মরণিকা ও সাহিত্য প্রকাশনার জন্য উপ-কমিটি কর্তৃক লেখা আহ্বান :

সুধী,

আমাদের ঐতিহ্যবাহী প্রাণের বিদ্যাপীঠ তেরশী কালী নারায়ণ ইনস্টিটিউশন ২০২২ সনে এর প্রতিষ্ঠা শতবার্ষিকীতে পদার্পণ করবে। প্রিয় এ প্রতিষ্ঠানের শতবর্ষপূর্তি অনুষ্ঠানটি সকলের অংশগ্রহণে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে স্মরণীয় করে রাখতে নানা কর্মসূচির অংশ হিসেবে প্রকাশনার জন্য বিদ্যালয়ের বর্তমান ও প্রাক্তন- শিক্ষার্থীদের নিকট লেখা আহ্বান করা হচ্ছে। প্রাক্তন শিক্ষার্থীদের সন্তানদের নিকট হতে সৃজনশীল ও গঠনমূলক লেখা আহ্বান করা যাচ্ছে।

- ❖ তেরশী কালী নারায়ণ ইনস্টিটিউশনের ইতিহাস-ঐতিহ্য এবং অংশগ্রহণকারী প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের ক্রেডেনশিয়াল সম্বলিত একটি 'স্মরণিকা' এবং
- ❖ তেরশী জনপদ তথা মানিকগঞ্জের শিক্ষা, শিল্প-সাহিত্য-সংস্কৃতি, ক্রীড়া ও রাজনৈতিক ঐতিহ্য ইত্যাদি সম্বলিত লেখা নিয়ে একটি 'প্রকাশনা'।

লেখা, তথ্য ও ছবির বিষয় :

- প্রবন্ধ
- কবিতা/ছড়া
- ইতিহাস
- জীবন ও স্মৃতিচারণমূলক লেখা
- চিত্রাংকন/সৃজনশীল পোস্টার (১পাতা)
- ব্যাচওয়ারি শিক্ষার্থীর তথ্য, ছবি ও লেখা
- অন্যান্য রচনা।

শর্তাবলি :

- লেখা অনধিক ১৫০০ শব্দের হতে হবে।
- লেখার সফট কপি ই-মেইলে জমা দেওয়ার পাশাপাশি হার্ড/ লিখিত কপি বিদ্যালয়ে জমা দিতে হবে।
- লেখা জমা দেওয়ার সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
- লেখার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে লেখকের।
- সম্পাদনা পরিষদ কর্তৃক যাচাই-বাহাইকৃত লেখা প্রকাশনার জন্য বিবেচিত হবে।

ই-মেইলে সফট কপি জমা : pankajprenoy@gmail.com

হার্ডকপি জমা : জনাব নূরুন্নাহার খানম, সহকারী শিক্ষক, তেরশী কালী নারায়ণ ইনস্টিটিউশন, মোবা. ০১৭৪২-০৮৩৮৮৮

লেখা জমার শেষ তারিখ : ১৫ নভেম্বর ২০২১ খ্রি.

বিদ্যালয়ের শতবর্ষ উদযাপন-২০২২ এর স্মরণিকা প্রকাশের প্রস্তুতি চলছে। অংশগ্রহণে ইচ্ছুক সংশ্লিষ্ট সবাইকে বিধি মোতাবেক লেখা জমা দেয়ার অনুরোধ করছি।

স্মরণিকা ও সাহিত্য প্রকাশনা উপ-কমিটির পক্ষে-
পংকজ পাল
সদস্য সচিব

স্মরণিকা ও সাহিত্য প্রকাশনা উপ-কমিটি
মোবাইল : ০১৭৩৪-২০৫০৮০, ০১৬২৪-৬৮৩৩৬৮